গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
সমবায় অধিদপ্তর
বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা
www.coop.khulnadiv.gov.bd

**নম্বর:** ৪৭.৬১.০০০০.০০০.২৬১.৩৩.০২৬০.১৩.৬১৪

তারিখ: ২ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
১৭ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

যেহেতু, খুলনা জেলাধীন একাধিক জেলাব্যাপী কর্মএলাকা বিশিষ্ট খুলনা বিভাগীয় জ্বালানী তেল ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ, নিবন্ধন নং-০৯/খুল, তারিখ-০৯/০৫/২০১৩, ট্যাংকলরি ভবন, কাশিপুর, নতুন রাস্তা, খালিশপুর, দিঘলিয়া, খুলনা এর কার্যক্রম বিগত ০১ (এক) বছরের অধিক সময় বন্ধ রয়েছে এবং সমিতির বিগত ১৯/১১/২০২২ তারিখে অনুষ্ঠিত বার্ষিক সাধারণ সভার ৩ নম্বর সিদ্ধান্তের আলোকে সমিতির কোন কার্যক্রম না থাকায় সমিতি পরিচালনায় আগ্রহী নয় মর্মে সমিতির নিবন্ধন বাতিলের জন্য আবেদন করা হয়েছে;

যেহেতু, সমিতির ২০২২-২০২৩ সালের অডিট অফিসার কর্তৃক সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন, ২০০২ ও ২০১৩) এর ধারা ৫৩(ঙ) মোতাবেক সমিতিটির নিবন্ধন বাতিলের জন্য সুপারিশ করা হয়েছে;

যেহেতু, উক্ত কারণে জেলা সমবায় অফিসার, খুলনার স্মারক নম্বর: ৪৭.৬১.৪৭০০.০০০.৪২.০০১.২৩. ৬৫২, তারিখ: ০৬/৬/২০২৩ মূলে বর্ণিত সমিতির নিবন্ধন বাতিলের জন্য সুপারিশ করা হয়েছে এবং এ কার্যালয়ের বিগত ২৪/৪/২০২৪ তারিখের ৪৭.৬১.০০০০.২৬১.৩৩.২৬০.১৩.১১৯ নম্বর স্মারকে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন- ২০০২ ও ২০১৩) এর ধারা ৫৩(ঙ) মোতাবেক কেন সমিতিটির নিবন্ধন সরাসরি বাতিল করা হবে না মর্মে ০৫/০৫/২০২৪ তারিখের মধ্যে জবাব দাখিলের জন্য সমিতির ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বরাবর সমিতির নিবন্ধিত ঠিকানায় কারণ দর্শানো নোটিশ জারী করা হয়;

যেহেতু, সমিতির ব্যবস্থাপনা কর্তৃক উক্ত নোটিশের কোন জবাব প্রেরণ করা হয়নি;

সেহেতু, সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধন-২০০২ ও ২০১৩) এর ধারা ৫৩(ঙ) এর অর্পিত ক্ষমতা বলে উল্লিখিত সমিতির নিবন্ধন আদেশ এতদ্বারা বাতিল করা হলো।


১৭-১১-২০২৫
মোঃ নূরুন্নবী
বিভাগীয় যুগ্ম নিবন্ধক
০২৪৭৭৭০১৯৮১
✉ jr.khulna@coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.০০০.২৬১.৩৩.০২৬০.১৩.৬১৪/১ (৪)

তারিখ: ২ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ
১৭ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সভাপতি (মেয়াদ উত্তীর্ণ ব্যবঃ কমিটি), খুলনা বিভাগীয় জ্বালানী তেল ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ, ট্যাংকলরি ভবন, কাশিপুর, নতুন রাস্তা মোড়, জিপিও-৯০০০, খালিশপুর, দিঘলিয়া, খুলনা।
২। পরিদর্শক, অডিট, আইন ও সমিতি শাখা, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা। তাঁকে বর্ণিত অফিস আদেশটি ওয়েব পোর্টালে আপলোড দেয়ার জন্য অনুরোধ করা হলো।
৩। উপজেলা সমবায় অফিসার, দিঘলিয়া, খুলনা।
৪। জেলা সমবায় কর্মকর্তা সকল (খুলনা বিভাগ)।



১৮-১১-২০২৫
মোহাম্মদ হাসিবুর রহমান মোল্লাহ্
উপনিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা)